রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৭, ২০১৮

## সূচিপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ম | খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৭৭—৫৯১ |
| ২য় | খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০৩৯—১০৬৫ |
| ৩য় | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম | খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল | নাই |
| ৬ষ্ঠ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬২১—১৬৯৩ |
| ৭ম | খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম | খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৭ |
| | ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) | ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) | ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) | ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) | ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) | ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) | ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ আগস্ট ২০১৮

**নং ১৭.০০.০০০০.০১৫.৫৫.১৩৯.১৮-৪৫২**—জনাব এস এম নাসির উদ্দীন, উপজেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাচন অফিস, তিতাস, কুমিল্লা গত ১৫ মে ২০১৮ তারিখ হতে ১৮ জুলাই ২০১৮ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা গত ১৭ জুলাই ২০১৮ তারিখ উপজেলা নির্বাচন অফিস, তিতাস, কুমিল্লা পরিদর্শনকালে তাঁর অনুপস্থিতির বিষয়টি জানতে পারেন। বর্ণিত সময়সীমার মধ্যে তিনি বেতন-ভাতা স্বাক্ষরের জন্য শুধু গত ২৬ ও ২৭ জুন ২০১৮ তারিখ কর্মস্থলে উপস্থিত ছিলেন।

২। ২০১৭-২০১৮ অর্থ বছরে ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০১৭ এর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের পারিশ্রমিক বাবদ নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ০১ জানুয়ারি ২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০৩৭.০২০.১৭-০১ নং স্মারক মূলে বরাদ্দকৃত অর্থ ২,০৮,৬৩৩/-(দুই লক্ষ আট হাজার ছয়শত তেত্রিশ) টাকা সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস থেকে গত মে/২০১৮ মাসে উত্তোলন করলেও তিনি অদ্যাবধি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের পারিশ্রমিক বাবদ অর্থ পরিশোধ করেননি। সংশ্লিষ্ট উপজেলার তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণ তাদের পারিশ্রমিক বাবদ কোন অর্থ অদ্যাবধি পাননি মর্মে টেলিফোনে সিনিয়র জেলা নির্বাচন অফিসার-কে জানান এবং বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লাও সিনিয়র জেলা নির্বাচন অফিসার-কে মৌখিকভাবে অবহিত করেন। তার সাথে সিনিয়র জেলা নির্বাচন অফিসার বার বার তাঁর মোবাইলে যোগাযোগের চেষ্টা করলেও তিনি কল রিসিভ করেনি।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

এতে নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। ফলে জনাব এস এম নাসির উদ্দীন, উপজেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাচন অফিস, তিতাস, কুমিল্লা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী অসদাচরণের দায়ে বিধি ১২(১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) পাবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেলালুদ্দীন আহমদ**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ আগস্ট ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৫.১৮-৪৭২**—মানিলণ্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৪(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর প্রধান কর্মকর্তার শূন্য পদ পূরণের লক্ষ্যে উপযুক্ত প্রার্থী বাছাইয়ের জন্য নিম্নোক্ত বাছাই কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১. গভর্নর
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

**সদস্য**

২. ড. জায়েদ বখ্ত
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, অগ্রণী ব্যাংক লিমিটেড

**সদস্য-সচিব**

৩. অতিরিক্ত সচিব (ব্যাংকিং প্রশাসন)
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইদুর রহমান**
উপসচিব।

---

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**
**এডিবি-৫ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ আগস্ট ২০১৮ খ্রিঃ

**নং ০৯.০০.০০০০.১২৬.১৪.০০৪.১৭-১৫৩**—প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন Fourth Primary Education Development Program (PEDP-4)-শীর্ষক কর্মসূচির জন্য এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর ৫০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা গ্রহণ সংক্রান্ত লোন নেগোসিয়েশনের লক্ষ্যে বাংলাদেশ সরকার পক্ষে-এর নিম্নোক্তভাবে প্রতিনিধিদল গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| (i) | জনাব মুহাঃ আলকামা সিদ্দিকী, অতিরিক্ত সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (ii) | জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (iii) | জনাব গোলাম মোঃ হাসিবুল আলম, অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ” |
| (iv) | জনাব মহেশ চন্দ্র রায়, যুগ্ম সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ” |
| (v) | জনাব মোঃ রফিকুল হাসান, উপসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ” |
| (vi) | জনাব মোহাম্মদ সাইদুল ইসলাম, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ” |
| (vii) | জনাব মোহাম্মদ ফখরুল আলম, প্রথম সচিব, জাতীয় রাজস্ব বোর্ড | ” |
| (viii) | জনাব মোঃ মনছুরুল আলম, উপ-প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ” |
| (ix) | ড. ইমতিয়াজ মাহমুদ, উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | ” |
| (x) | জনাব মোঃ আব্দুল্লাহ আল-মামুন, পরিচালক (শিক্ষা), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ” |
| (xi) | জনাব মোঃ আলাউদ্দীন ভূঞা জনি, সহকারী প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ” |
| (xii) | মিজ রোকসানা খাঁন, উপসচিব, বিশ্বব্যাংক অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| (xiii) | মিজ নাহিদ সুলতানা মল্লিক, উপসচিব, ফাবা ও আইসিটি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |
| (xiv) | সৈয়দা আমিনা ফাহমীন, উপসচিব, এডিবি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ” |

০২। **নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ০৯ আগস্ট ২০১৮ | সকাল ১০:০০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দা আমিনা ফাহমীন**
উপসচিব।

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ আগস্ট ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-৪৭০**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর ৯(৩)(ডি) ধারার বিধান অনুযায়ী অর্থ বিভাগের সাবেক সচিব জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী এর স্থলে জনাব আব্দুর রউফ তালুকদার, ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়- কে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইদুর রহমান**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ : ৩ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/ ১৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-২৫/২০১৮-২৯২**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে হবিগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ মুছা মিয়া, পিতা-মোহাম্মদ ইউনুছ মিয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/ ২৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-৩১/২০১৮-৩১৫**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে টাঙ্গাইল জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ নিয়ত আলী ফকির, পিতা-মরহুম জহির উদ্দিন ফকির-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৫ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/ ৩০ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-৩২/২০১৮-৩২১**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সুচিস্মিতা সরকার (সোমা), পিতা-সুবোধ সরকার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**বিচার শাখা-৭**
**আদেশাবলী**

তারিখ : ০৮ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৩৮/৭৫-৪২৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব আব্দুর রশিদ, পিতা- মোঃ হকিকুল ইসলাম, মাতা-পারভীন খাতুন, গ্রাম-দিঘল গ্রাম, ডাকঘর-মাগুড়া, উপজেলা-সদর, জেলা-পঞ্চগড়)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পঞ্চগড় জেলার সদর উপজেলার ০৯ নং মাগুড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০৯ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৩৬/২০০৫(অংশ)-৪২৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মনির হোসেন, পিতা- মোঃ আবুল কাশেম, মাতা-রাজিয়া খাতুন, গ্রাম-পাল্লা, ডাকঘর-পাল্লা বাজার, উপজেলা-চাটখিল, জেলা- নোয়াখালী)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার চাটখিল উপজেলার ০৫ নং মোহাম্মদপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২২ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৭৬/২০০৩-৪৫১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মোজাম্মেল হক, পিতা-মৃত মোঃ মনির হোসেন, মাতা-মোছাঃ ছালেহা খাতুন, গ্রাম-ঘোড়ামারা কলোনী, ডাকঘর-বগদুলঝুলা, উপজেলা-বোদা, জেলা-পঞ্চগড়)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পঞ্চগড় জেলার বোদা উপজেলার ০৫ নং বড়শশী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ৩১ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-২৪৬/৭৭-৪৭৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ফরিদুল ইসলাম, পিতা-মোঃ আবদুল ওয়াদুদ, মাতা-মোসাঃ রোকেয়া বেগম,৫১/১, হাসপাতাল রোড, দক্ষিণ বন্দর, মঠবাড়িয়া পৌরসভা, ডাকঘর-মঠবাড়িয়া, উপজেলা-মঠবাড়িয়া, জেলা-পিরোজপুর)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পিরোজপুর জেলার মঠবাড়িয়া পৌরসভার ০২ ও ০৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ আগস্ট ২০১৮

**নং ১২.০০.০০০০.০৫২.২৭.০৪৪.১৬-৭৩৯**—যেহেতু বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব মোঃ আজমল হোসেন মন্ডল (পরিচিতি নং-১৪০৪), প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা (চাকরি হতে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত), কবিরহাট, নোয়াখালী-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার সকল ধাপ যথাযথ বিধি অনুযায়ী সম্পন্ন করে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে কৃষি মন্ত্রণালয়ের ১২-০৭-২০১০ তারিখের কৃম/ সম্প্র-১/সঃ-১০/২০০৮/১৬৮৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁকে 'বাধ্যতামূলক অবসর' দণ্ড প্রদান করা হয়;

যেহেতু জনাব মোঃ আজমল হোসেন মন্ডল এ আদেশের বিরুদ্ধে মহামান্য রাষ্ট্রপতি বরাবর রিভিউ আবেদন করলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক ২৩-১১-২০১০ তারিখে তা নামঞ্জুর করা হয়;

যেহেতু জনাব মোঃ আজমল হোসেন মন্ডল প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ায় এ,টি মামলা নং-৬৫/২০১০ দায়ের করলে মাননীয় আদালত উভয় পক্ষের শুনানীঅন্তে দো-তরফা সূত্রে ০৪-০৮-২০১১ তারিখে জনাব মোঃ আজমল হোসেন মন্ডল-কে চাকরিতে পুনঃবহাল করতঃ বকেয়া বেতন-ভাতাদিসহ বিধি মোতাবেক প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রদানের জন্য রায় প্রদান করেন;

যেহেতু উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে এ,এ,টি মামলা নং-২৬৫/২০১২, সিপিএলএ-৯৭/২০১৪ এবং সিআরপি-১১৬/২০১৭ মামলাসমূহ দায়ের করা হলে সকল মামলায় প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া কর্তৃক প্রদত্ত রায় বহাল থাকে এবং জনাব মোঃ আজমল হোসেন মন্ডল বকেয়া বেতন ভাতাদিসহ চাকরিতে স্বপদে পুনঃবহালের জন্য সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর আবেদন করেন;

যেহেতু জনাব মোঃ আজমল হোসেন মন্ডল এর আবেদনের পরিপ্রেক্ষিতে মাননীয় আদালতের রায় অনুযায়ী বকেয়া বেতন ভাতাদিসহ তাঁকে চাকরিতে পুনঃবহালের প্রস্তাব মঞ্জুরকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনের জন্য প্রেরণ করা হলে মহামান্য রাষ্ট্রপতি উক্ত প্রস্তাব অনুমোদন করেন;

সেহেতু জনাব মোঃ আজমল হোসেন মন্ডল, প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, কবিরহাট, নোয়াখালী (চাকরি হতে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত)-কে চাকরিতে স্বপদে [উপজেলা কৃষি কর্মকর্তা (এল আর)] পুনঃবহাল করা হলো।

বর্ণিত কর্মকর্তা বিধি মোতাবেক বকেয়া সকল বেতন-ভাতাদি ও প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধা পাবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ**
সিনিয়র সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-৩ অধিশাখা**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ বৈশাখ ১৪২৫/২৩ এপ্রিল ২০১৮

**নং ৩৩.০০.০০০০.১১৯.১৯(প্রকল্প পরিচালক).০০১.১৩-১৫৬**—যেহেতু, ডাঃ মোঃ আজিজুল ইসলাম, প্রাক্তন প্রিন্সিপাল কাম প্রকল্প পরিচালক, সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প বর্তমানে-উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ এর বিরুদ্ধে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন বাস্তবায়িত সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্পের অধীনে বৈদ্যুতিক সাব স্টেশন স্থাপন সংক্রান্ত দরপত্রের প্যাকেজ নং WD-17 এ External Electrification work with supply and Installation of 500 KVA Sub-station including Sub-station house and street light works at Sirajgonj govt. Vety. College Campus নামক কাজের জন্য সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান মেসার্স অনিক ট্রেডিং কর্পোরেশন-কে ইচ্ছাকৃতভাবে Non Responsive দেখিয়ে মেসার্স রিলায়েন্স ট্রেডার্স কর্তৃক দাখিলকৃত Work Experience সংক্রান্ত সনদপত্রে উল্লিখিত তথ্য ও বর্ণনা জাল ও মিথ্যা হওয়া সত্ত্বেও উক্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করেছেন। টেন্ডার ডকুমেন্টগুলো যাচাই এর দায়িত্ব টেন্ডার মূল্যায়ন কমিটির হওয়া সত্ত্বেও স্বতঃপ্রণোদিত হয়ে তিনি নিজেই তা যাচাই করে রেকর্ডভুক্ত করেছেন এবং পরবর্তীতে তা ভুয়া ও জাল বলে প্রমাণিত হয়েছে। যা অদক্ষতার সামিল। তিনি মেসার্স অনিক ট্রেডিং কর্পোরেশন এর দরপত্র যাচাই-বাছাই না করে অসৎ উদ্দেশ্যে নন রেসপন্সিভ করে আর্থিক সুবিধা গ্রহণের মাধ্যমে ৫৩,৫৩,৮৪২.১০ টাকা বেশী দরে অন্য প্রতিষ্ঠানকে কার্যাদেশ দিয়েছেন। যার দ্বারা তিনি দুর্নীতির আশ্রয় নিয়েছেন।

যেহেতু, তাঁর এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) এবং ৩(ডি) অনুযায়ী অদক্ষতা ও দুর্নীতি এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ২২/২০১৬ রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১২-০১-২০১৭ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং গত ৩০-০৩-২০১৭ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। লিখিত জবাবে তিনি ব্যক্তিগত শুনানি চাইলে ৩০-০৩-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানি ও প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় অভিযোগটির প্রাথমিক সত্যতা রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত একই বিধিমালার বিধি ৩(এ) অনুযায়ী অদক্ষতা এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, ডাঃ মোঃ আজিজুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) এর আওতায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং এতদসংশ্লিষ্ট প্রাসঙ্গিক কাগজপত্রাদির সাথে এ বিভাগীয় মামলা সংশ্লিষ্ট প্রকল্পে নথি পর্যালোচনা, ডিপিপি, টেন্ডার ডকুমেন্ট, দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদন, বার্ষিক ক্রয় পরিকল্পনা, ঠিকাদারগণের কর্ম অভিজ্ঞতা এবং টেন্ডার ডকুমেন্টের শর্ত অনুসারে কর্ম অভিজ্ঞতা এবং সম্পাদিত কাজের অর্থের পরিমাণ সংক্রান্ত প্রত্যয়নপত্র ও প্রত্যয়নপত্র ইস্যুকারী সংশ্লিষ্ট দপ্তরসমূহের নিকট থেকে প্রাপ্ত যাচাই প্রতিবেদন ও তৎসংশ্লিষ্ট কাগজপত্রাদি বিশদভাবে পর্যালোচনা করে দেখা যায় আনীত অদক্ষতার অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তা (ডাঃ মোঃ আজিজুল ইসলাম) কে অদক্ষতার দোষে দোষী সাব্যস্ত করা হলো। অভিযুক্ত কর্মকর্তার পূর্ব অভিজ্ঞতা এবং প্রথম বারের মত এ ধরনের অপরাধের বিষয় সহানুভূতির সাথে বিবেচনা করে একই বিধিমালার বিধি ৪(২)(এ) অনুসারে তাঁকে তিরস্কার (censure) দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার চাকরির অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট সার্বিক বিষয় বিবেচনায় ডাঃ মোঃ আজিজুল ইসলাম, প্রাক্তন প্রিন্সিপাল কাম প্রকল্প পরিচালক, সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প বর্তমানে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) অনুযায়ী তিরস্কার (censure) সূচক লঘুদণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৩.০০.০০০০.১১৯.১৯(প্রকল্প পরিচালক).০০১.১৩ (অংশ-১)-১৫৭**—যেহেতু, ডাঃ মোঃ আজিজুল ইসলাম, প্রাক্তন প্রিন্সিপাল কাম প্রকল্প পরিচালক, সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প বর্তমানে-উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ এর বিরুদ্ধে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন বাস্তবায়িত সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প এর আওতায় দরপত্রে প্যাকেজ নং WD-9 এ জনাব মোঃ কুতুব উল আজিম, প্রো-প্রাইটর, মেসার্স আজিম এন্ড এসোসিয়েটস নামক প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করে **১** কোটি **১১** লক্ষ টাকার দরপত্র প্রস্তাব করে। সর্বনিম্ন দরদাতা হওয়া সত্ত্বেও তাকে ইচ্ছাকৃতভাবে নন- রেসপনসিভ দেখিয়ে মেসার্স মজিদ ট্রেডার্স নামক একটি প্রতিষ্ঠানকে নগদ **১১** লক্ষ টাকার বিনিময়ে কার্যাদেশ প্রদান করেন। মেসার্স আজিম এন্ড এসোসিয়েটস এর দরপত্র যাচাই/বাছাই না করেই নন-রেসপনসিভ করে আর্থিক সুবিধা গ্রহণের মাধ্যমে ৮(আট) লক্ষ টাকা বেশী দরে অন্য প্রতিষ্ঠানকে কার্যাদেশ দিয়েছেন। যার দ্বারা তিনি দায়িত্ব ও কর্তব্যে অবহেলা এবং দুর্নীতির আশ্রয় গ্রহণ করেছেন। ভার্টিকেল এক্সটেনশনের কাজটি আগামী ০২(দুই) বৎসরের মধ্যেও শুরু করা সম্ভব হবে না সত্ত্বেও উক্ত কাজের মূল ভবনের ৩য় তলার কাজের ও একইসংগে ভার্টিকেল এক্সটেনশনের কার্যাদেশ প্রদান করেছেন। ৩য় তলার কাজ শেষ না হওয়া পর্যন্ত উক্ত কাজ শুরু করার কোন সুযোগ নেই জেনেও আর্থিক সুবিধা গ্রহণের লক্ষ্যে এ ধরনের অনিয়মের আশ্রয় নিয়েছেন।

যেহেতু, তাঁর এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ এবং দুর্নীতি এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ১১/২০১৬ রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৮-০৫-২০১৬ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং গত ০৫-০৬-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি ও প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় অভিযোগটির প্রাথমিক সত্যতা রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত একই বিধিমালার বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ এবং দুর্নীতি এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, ডাঃ মোঃ আজিজুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) এর আওতায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং এতদ্‌সংশ্লিষ্ট প্রাসঙ্গিক কাগজপত্রাদির সাথে এ প্রকল্পের নথি, প্রকল্প দলিল (ডিপিপি), টেন্ডার হকুমেন্ট, দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদন, বার্ষিক ক্রয় পরিকল্পনা, ঠিকাদারদের কর্ম অভিজ্ঞতা ইত্যাদি বিশদভাবে পর্যালোচনা করে দেখা যায় আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তা (ডাঃ মোঃ আজিজুল ইসলাম) কে অসদাচরণের দোষে দোষী সাব্যস্ত করা হলো। তবে অভিযুক্ত কর্মকর্তার পূর্ব অভিজ্ঞতা এবং প্রথমবারের মত এ ধরনের অপরাধের বিষয় সহানুভূতির সাথে বিবেচনাপূর্বক নমনীয় মনোভাব গ্রহণ করে একই বিধিমালার ৪(২)(এ) অনুসারে তাঁকে তিরস্কার (censure) দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, অভিযুক্ত কর্মকত্যার চাকরির অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট সার্বিক বিষয় বিবেচনায় ডাঃ মোঃ আজিজুল ইসলাম, প্রাক্তন প্রিন্সিপাল কাম প্রকল্প পরিচালক, সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্প বর্তমানে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) অনুযায়ী তিরস্কার (censure) সূচক লঘুদণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রইছউল আলম মন্ডল**
ভারপ্রাপ্ত সচিব।

---

**প্রাণিসম্পদ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৫/০৬ আগস্ট ২০১৮

**নং ৩৩.০১.০০০০.১১৮.০৭.০১৯.০৬-৫৩২**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৯-০৭-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.৪৪.০০১.১৮-৪৪ নম্বর স্মারকের সম্মতির প্রেক্ষিতে সরকারি হাঁস-মুরগির খামারসমূহে উৎপাদিত একদিন বয়সের বাচ্চাসহ বিভিন্ন বয়সের হাঁস-মুরগি ও ডিমের মূল্য নিম্নবর্ণিতভাবে পুনঃনির্ধারণ করা হলো :

| ক্রঃ নং | উৎপাদিত পণ্যের বিবরণ | পরিমাণ/সংখ্যা | বর্তমান মূল্য (টাকায়) | | প্রস্তাবিত মূল (টাকায়) | |
|---|---|---|---|---|---|---|
| ১. | ডিম খাবার | প্রতি হালি | মুরগি-২৪/ | হাঁস-২৮/- | মুরগি-২০/ | হাঁস-২৬/- |
| ২. | উর্বর ডিম | প্রতি হালি | মুরগি-২৮/- | হাঁস-৩২/- | মুরগি-২৪/- | হাঁস-৩০/- |
| ৩. | ০-১ দিন বয়সের মুরগির বাচ্চা (Unsexed) | প্রতিটি | ২০/- (ফেব্রুয়ারি থেকে জুলাই পর্যন্ত) | | ১২/- (ফেব্রুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত) | |
| ৪. | ০-১ দিন বয়সের মুরগির বাচ্চা (Unsexed) | প্রতিটি | ১৫/- (আগস্ট থেকে জুলাই পর্যন্ত) | | ১০/- (নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত) | |
| ৫. | ০-১ দিন বয়সের হাঁসের বাচ্চা (Unsexed) | প্রতিটি | ২০/- (সারা বছর) | | ২০/- (ফেব্রুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত)<br>১৫/- (নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত) | |
| ৬. | ২-২৮ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা | প্রতিটি | ৪০/- | | ৩৫/- | |
| ৭. | ২৯-৪২ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা | প্রতিটি | ৬০/- | | ৬০/- | |
| ৮. | ৪৩-৭০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা | প্রতিটি | ৭৫/- | | ৭৫/- | |
| ৯. | ৭১-৯০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা | প্রতিটি | ৯০/- | | ৯০/- | |
| ১০. | ৯১-১১০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা | প্রতিটি | ১০০/- | | ১০০/- | |
| ১১. | ১১১-১২৬ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা | প্রতিটি | ১২০/- | | ১২০/- | |
| ১২. | ১২৭-১৪০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা | প্রতিটি | ১৪০/- | | ১৪০/- | |
| ১৩. | ১৪১ দিন ও তার উর্দ্ধে প্রাপ্তবয়স্ক হাঁস-মুরগি | প্রতিটি | ১৭০/- | | ১৭০/- | |
| ১৪. | বাতিল/কালিং মুরগি | প্রতি কেজি | ১২০/- | | ১২০/- | |
| ১৫. | বাতিল/কালিং হাঁস | প্রতিটি কেজি | ১২০/- | | ১২০/- | |
| ১৬. | ড্রেস হাঁস | প্রতি কেজি | ১৪০/- | | ১৪০/- | |

২। উপর্যুক্ত পুনঃনির্ধারিত ফি এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে কার্যকর হবে।

৩। এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিগার সুলতানা**
উপসচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**শোক প্রস্তাব**

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/২৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং প্রম-২৩.০০.০০০০.০৭০.৯৯.০৭২.১১-২৭০**—বাংলাদেশ বিমান বাহিনীর ০২ (দুই) জন কর্মচারী স্কোয়াড্রন লীডার মোঃ সিরাজুল ইসলাম (বিডি/৯০০২), জিডি(পি) এবং স্কোয়াড্রন লীডার মোঃ এনায়েত কবীর পলাশ (বিডি/৯০০৬), জিডি(পি) গত ০১ জুলাই ২০১৮ তারিখে বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি মতিউর-এর ৫ মাইল পশ্চিমে বুকভরা বাওরে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)।

২। বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার মোঃ সিরাজুল ইসলাম (বিডি/৯০০২), জিডি(পি) এবং স্কোয়াড্রন লীডার মোঃ এনায়েত কবীর পলাশ (বিডি/৯০০৬), জিডি(পি) উভয়ে চাকরি জীবনে সৎ ও কর্তব্যপরায়ণ কর্মচারী ছিলেন।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্কোয়াড্রন লীডার মোঃ সিরাজুল ইসলাম (বিডি/৯০০২), জিডি(পি) এবং স্কোয়াড্রন লীডার মোঃ এনায়েত কবীর পলাশ (বিডি/৯০০৬), জিডি(পি)-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক তাঁদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন ও মরহুমদ্বয়ের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আখতার হোসেন ভূঁইয়া**
সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৬০.১১.০১৮.১৬.৩৩৯**—বাংলাদেশ নৌ বাহিনীর সাব লেফটেন্যান্ট আব্দুল্লাহ আল হাসান (ই), বিএন, (পি নং-২৮৫৩)-কে নৌ অধ্যাদেশ ১৯৬১, ধারা ১৭(১) এবং নৌ প্রবিধান ০৮০১ (এফ) অনুযায়ী প্রশাসনিক আদেশে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Naval Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহ্‌ফুজা আক্তার**
যুগ্মসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১২ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

